গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ৪৪/২০১৮ তারিখ ঃ ০৫/০৩/২০১৮ খ্রিঃ।

**বিষয় ঃ জনাব মোঃ গোলজার হোসেন, অবসরপ্রাপ্ত জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জনাব মোঃ গোলজার হোসেন, অবসরপ্রাপ্ত জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহি পর্যালোচনায় ও অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে তাহার মোট চাকুরীর মেয়াদ ২৫ বৎসরের উর্দ্ধকাল হওয়ায় তিনি বিধি মোতাবেক মুল বেতনের ৯০% হারে পেনশন পাইবার হকদার হইতেছেন।

আবেদনকারী কর্মচারীর সর্বশেষ মূল বেতন=১৬,৬৭০/- টাকা (শুধুমাত্র পেনশনের জন্য)। উপর্যুক্ত প্রতিবেদনের আলোকে অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাড়ায় = ১৫,০০৩/- (পনের হাজার তিন) টাকা, মোট অবসর ভাতার অর্ধাংশ অর্থাৎ ৪৫% হারে= ৭,৫০১.৫০ (সাত হাজার পাঁচশত এক টাকা পঞ্চাশ পয়সা) এর প্রতি ১ (এক) টাকার পরিবর্তে ২৩০ টাকা হারে (৭,৫০১.৫০×২৩০) আনুতোষিক বাবদ সর্বমোট= ১৭,২৫,৩৪৫/-(সতের লক্ষ পঁচিশ হাজার তিনশত পঁয়তাল্লিশ) টাকা এবং =৭,৫০১.৫০ (সাত হাজার পাঁচশত এক টাকা পঞ্চাশ পয়সা) টাকা অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

উল্লেখ্য যে, তাহার ই,এল,পি,সি মোতাবেক গৃহ নির্মাণ অগ্রিম এর সুদ বাবদ=১০৪২/- টাকা ও মোটর সাইকেল অগ্রিমের সুদ বাবদ ১,৬০৪/- টাকা, সর্বমোট (১০৪২+ ১৬০৪)=২,৬৪৬/- টাকা সরকারী পাওনা রহিয়াছে। আনুতোষিক বাবদ আনুতোষিক বাবদ প্রাপ্য ১৭,২৫,৩৪৫ টাকা হইতে সরকারী পাওনা সমন্বয় অন্তে (১৭,২৫,৩৪৫-২,৬৪৬)= ১৭,২২,৬৯৯/- (সতের লক্ষ বাইশ হাজার ছয়শত নিরানব্বই) টাকা আনুতোষিক বাবদ প্রাপ্য হইবেন।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(এ,বি,এম নিজামুল হক)
জেলা জজ, রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং-১৯/২০১৬- ১০৯(৫) তারিখ ঃ ০৫/০৩/২০১৮ খ্রিঃ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
২। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। জনাব মোঃ গোলজার হোসেন, অবসরপ্রাপ্ত জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে
০৫/০৩/১৮
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত, রংপুর।